


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd



২৬ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ
তারিখঃ ০৯ মে ২০১৮ খ্রিস্টাব্দ

নং-৪৬.০০.৬১০০.০৪২.১৪.০৭১.১৭.৬৭০


বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থ বছরে ময়মনসিংহ জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্রঃ ময়মনসিংহ জেলা পরিষদের স্মারক নং-৪৬.৪২.৬১০০.০০২.১৪.০৮৯.১৭.৪৫, তারিখঃ ২৩/১/২০১৮।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে ২০১৭-২০১৮ অর্থবছরে ময়মনসিংহ জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রকল্প তালিকার ৪,০০,০০,০০০/- (চার কোটি) টাকার ডাকবাংলো কাম হোস্টেল ও মাল্টিপারপাস হল নির্মাণ প্রকল্প, ২,০০,০০,০০০/- (দুই কোটি) টাকার মার্কেট কাম মাল্টিপারপাস ভবন নির্মাণ প্রকল্প এবং ৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ) টাকায় গৃহীত ক্রমিক নং-৩ এ বর্ণিত প্রকল্পটি ফুলবাড়িয়া ডাকবাংলো সংলগ্ন অস্থায়ী শেড নির্মাণ সংক্রান্ত। বর্ণিত প্রকল্পের প্রাক্কলনসহ স্বয়ংসম্পূর্ণ প্রকল্প প্রস্তাব আলাদাভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

২। ১,৬৪,৯০,০০০/- (এক কোটি চৌষট্টি লক্ষ নব্বই হাজার) টাকায় গৃহীত প্রকল্প তালিকার ক্রমিক নং-৪৪,৪৮৮, ৪৯১,৪৯৩,৬০৪,৬৯৭,৭১৫,৭৬৬, ৭৬৭, ৭৬৮, ৭৭১, ৭৭২, ৭৭৩, ৭৭৪, ৭৭৫, ৭৭৬, ৭৭৮-৭৯৮, ৮০২, ৮০৫-৮১৪, এ বর্ণিত প্রকল্পসমূহ ব্যক্তির বাড়ি/ব্যক্তির বাড়ি সংলগ্ন স্থানে নলকূপ স্থাপন সংক্রান্ত। জেলা পরিষদের অর্থায়নে ব্যক্তির বাড়ি/বাড়ি সংলগ্ন স্থানে নলকূপ স্থাপন না করে সর্বসাধারণ যাতে উক্ত নলকূপ হতে সুপেয় পানির সুবিধা পেতে পারে এরূপ স্থানে নলকূপসমূহ স্থাপনের লক্ষ্যে স্থান নির্বাচন করে পুনঃরায় প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৩। ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকায় গৃহীত প্রকল্প তালিকার ক্রমিক নং- ৪৬৭ এ বর্ণিত প্রকল্পটি বকুল চেয়ারম্যানের বাড়ীর কবরস্থানের বাউন্ডারী ওয়াল নির্মাণ সংক্রান্ত। ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকায় গৃহীত প্রকল্প তালিকার ক্রমিক নং-৫৮২, ৭৯৯ এ বর্ণিত প্রকল্প ২টি ইউনিয়ন পরিষদ ভবনের বাউন্ডারী ওয়াল নির্মাণ সংক্রান্ত। ১০,৫২,০০০/- (দশ লক্ষ বায়ান্ন) টাকায় গৃহীত সেলাই মেশিন বিতরণ সংক্রান্ত হওয়ায় জেলা পরিষদের মাধ্যমে বাস্তবায়নের প্রস্তাবে অসম্মতি জ্ঞাপন করা হলো।


(মোঃ এরশাদুল হক)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ময়মনসিংহ।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।